

তারিখ: ১৬/০৮/২০২৬ খ্রি.

১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদনে আগ্রহী প্রার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে জানা যাবে।

শর্তাবলী:

১। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের সময়সীমা : ১৬/০৮/২০২৬ হতে ১৫/০৯/২০২৬ খ্রি. (প্রিন্টকপি নিজের কাছে সংরক্ষণ করবে)

২। প্রাথমিক আবেদন ফি পরিশোধ:

(ক) প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা আগামী ১৮/০৮/২০২৬ হতে ১৬/০৯/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name এবং Password ব্যবহার করে <https://rangamaticollege.eshiksaems.com> -এ Login করে পরিশোধ করতে হবে।

User Name: rangamatistudent এবং **Password:** rangamatistudent

(খ) Apply for Application Form এর Select application group থেকে Admission Degree, NU Admission Roll, Student Name, Mobile Number এন্ট্রি দিয়ে Submit এ ক্লিক করতে হবে।

(গ) Education Management System এর Pay through Sonali Pay অপশনে গিয়ে Session -এ 2025-2026, Class Roll/Admission Roll -এ NU Admission Roll এন্ট্রি দিয়ে Connect Sonali Pay ক্লিক করতে হবে।

(ঘ) Sonali Payment Gateway ব্যবহার করে যেকোনো মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।

(ঙ) সর্বশেষ শিক্ষার্থীকে Receipts Print ক্লিক করার পর NU Admission Roll এন্ট্রি দিয়ে Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

৩। আবেদনের যোগ্যতা:

(ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ২০২১/২০২২/২০২৩ সালের SSC/সমমান এবং ২০২৩/২০২৪/২০২৫ সালের HSC/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ ৩ এর (ক) নং শর্তপূরণ সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

(গ) ২০২১/২০২২/২০২৩ সালের O-Level পরীক্ষায় ৩টি বিষয়ে “বি” গ্রেডসহ অন্তত ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২৩/২০২৪/২০২৫ সালের A-Level পরীক্ষায় ১টি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ২টি বিষয়ে উত্তীর্ণরা অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবরে সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন প্রেরণ করবে। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, পাসপোর্ট সাইজের ২কপি সত্যায়িত ছবি ও সমতা নিরূপণের কপি জমা দিবে।

(ঘ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক SSC ও HSC পর্যায়ে নম্বরপত্র সমতা নিরূপণ করা করা হলে তারাও অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবরে সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন প্রেরণ করবে। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, পাসপোর্ট সাইজের ছবি ২কপি ও সমতা নিরূপণের কপি দাখিল করতে হবে।

(ঙ) স্নাতক (পাস/সমমান) পর্যায়ে নিয়মিত/প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত কোন শিক্ষার্থী ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) নিয়মিত কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে আবেদন করা যাবে। দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।


৩। আবেদন সম্পর্কিত করণীয়:

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এর Degree Pass Tab এ গিয়ে Apply Now (Degree Pass) অপশন ক্লিক করতে হবে এবং SSC ও HSC পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড, পাশের সন, মোবাইল নম্বরসহ প্রদর্শিত তথ্য সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

(খ) রঙিন ছবি (120×150 pixels, image type: jpg এবং maximum file size: 50kb) Scan করে আপলোড করতে হবে।

(গ) ছবি ও চাহিত তথ্য এন্ট্রি দেয়ার পর Submit Application সিলেক্ট করতে হবে এবং সাদা কাগজে (A-4 সাইজ) প্রিন্টকপি সংগ্রহ করবে।


অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


আহ্বায়ক
১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি/২০২৫-২৬
রাঙ্গামাটি সরকারি কলেজ

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। আহ্বায়ক, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৪। ক্যাশিয়ার/হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৫। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল;
- ৬। সংরক্ষণ নথি।